গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**www.mefwd.gov.bd**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালন উপলক্ষ্যে ২৪.০৭.২০২৩ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব জাহিদ মালেক, এমপি
মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
তারিখ : ২৪ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ
সময় : বেলা ০২:০০ টা
স্থান : সভাকক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কক্ষ নম্বর# ৩৩২, ভবন# ৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং আত্মত্যাগের কথা স্মরণ করে গৃহীত কর্মসূচির উপর আলোচনা করতে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ গৃহীত কর্মসূচি ক্রমান্বয়ে সভায় উপস্থাপন করেন।

আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত বিস্তারিত আলোচনা করে সভায় নিম্নবর্ণিত কর্মসূচির সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। জাতীয় পতাকার সাইজ, রং, স্ট্যান্ড ঠিক আছে কিনা সে দিকে লক্ষ্য রাখতে হবে। সর্বোপরি People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণ করতে হবে। | • মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থা |
| ২. | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুতকরণ ও প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহ নিশ্চিতকরণ। | সকাল ০৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত অনুষ্ঠানে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ০১টি সাধারণ ও ০১টি কার্ডিয়াক অ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে অবস্থান করবে।<br>উক্ত অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত খাবার স্যালাইন ও বোতলজাত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ঢাকার বনানীস্থ কবরস্থান প্রাঙ্গণে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুতকরণ ও প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহ নিশ্চিতকরণ। | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ০৭:৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত অনুষ্ঠানে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে এবং প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ০১টি সাধারণ ও ০১টি কার্ডিয়াক অ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম বনানী কবরস্থান প্রাঙ্গনে অবস্থান করবে।<br>উক্ত অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত খাবার স্যালাইন ও বোতলজাত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, ঢাকা |
| ৪. | গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি প্রাঙ্গণে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ। | (ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত অনুষ্ঠানে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে এবং প্রয়োজনীয় অ্যাম্বুলেন্স সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অ্যাম্বুলেন্সসহ মেডিকেল টিম অনুষ্ঠানস্থলের নির্ধারিত স্থানে অবস্থান করবে।<br><br>(খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক গার্ড অব অনার প্রদান এবং মোনাজাত শেষে মন্ত্রণালয়ের পক্ষে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা এর নেতৃত্বে সিভিল সার্জন, গোপালগঞ্জ এর সমন্বয়ে গোপালগঞ্জস্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করবেন।<br>উক্ত অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত খাবার স্যালাইন ও বোতলজাত বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তর/ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা, ঢাকা<br>• সিভিল সার্জন, গোপালগঞ্জ<br>• উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ |
| ৫. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামান্য চলচ্চিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | জাতীয় শোক দিবসের পোস্টার ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামান্য চলচ্চিত্র স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে স্থাপন ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক এবং মা ও শিশু কেন্দ্র পর্যন্ত সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে মন্ত্রণালয়ের পক্ষে জাতীয় শোক দিবসের ব্যানার (ছোট/বড়) লাগাতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে/জেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রয়েছে সেখানে প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ৬. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্থ শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন। | সরকারি-বেসরকারি সকল মেডিকেল কলেজ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট, ম্যাট্স, আইএসটি এবং বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিল আয়োজনের ব্যবস্থা গ্রহণ করাসহ বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করবে। উক্ত কর্মসূচিতে স্থানীয় জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধিদেরকে আমন্ত্রণ জানাতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর<br>• মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর<br>• মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>• মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তর<br>• মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এবং<br>• অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ৭. | বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ ক্রয় ও উপহার হিসেবে প্রদান এবং সংরক্ষণ। | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন, আমার পিতা শেখ মুজিব ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং সরকারি অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে আবশ্যিকভাবে রাখতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ৮. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালন। | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বিভাগীয়/জেলা/উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানের সাথে সমন্বয় করে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করতে হবে। | • সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা<br>• স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারি |
| ৯. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন। | (ক) সকাল ০৮:০০ ঘটিকায় ঢাকা ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।<br><br>(খ) ১৫ আগস্ট বেলা ১১:০০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি'র সভাপতিত্বে বিএসএমএমইউ এর 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হল' এ আলোচনা | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• স্বাস্থ্য সেবা বিভাগ<br><br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সভা অনুষ্ঠিত হবে।<br>ভাইস চ্যান্সেলর (ভিসি), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় উক্ত আলোচনা সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(গ) জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ পৃথকভাবে সুবিধাজনক সময়ে ১৫ আগস্ট ২০২৩ এর কর্মসূচি পালন করবে।<br>(ঘ) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে এবং রক্তদান কর্মসূচির আয়োজন করবে। ১৫ আগস্ট, ২০২৩ দুপুরে প্রত্যেক সরকারি হাসপাতালে উন্নতমানের খাবারের ব্যবস্থা করতে হবে।<br><br>(ঙ) কর্মসূচি পালন নিশ্চিত করার জন্য আগষ্ট মাসের প্রথম সপ্তাহে একটি ফলো-আপ সভা করতে হবে।</td>
<td>• ভিসি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা<br>• অধ্যক্ষ (সকল) সরকারি মেডিকেল কলেজ<br>• পরিচালক (সকল) সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল<br>• সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)<br>• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)</td>
</tr>
<tr>
<td>১০.</td>
<td>কমিটি গঠন।</td>
<td>জাতীয় শোক দিবসের অনুষ্ঠানসমূহ সমন্বয়ের জন্য নিম্নলিখিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়:
<table>
<tr><th>ক্র:</th><th>নাম ও পদবি</th><th>কমিটিতে পদবি</th></tr>
<tr><td>১.</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২.</td><td>বিএসএমএমইউ এর একজন উপযুক্ত প্রতিনিধি (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত)</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>স্বাস্থ্য অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>পরিবার পরিকল্পনা অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬.</td><td>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭.</td><td>নিপোর্টের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮.</td><td>ঔষধ প্রশাসন অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯.</td><td>যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০.</td><td>উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১.</td><td>উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২.</td><td>যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
উক্ত কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন ও আলোচনা সভা আয়োজনের বিষয়ে সার্বিক সমন্বয় করবে।</td>
<td>• ভিসি,বিএসএমএমইউ<br>• মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তর/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)/ঔষধ প্রশাসন অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• যুগ্মসচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td>মোনাজাত ও দোয়া মাহফিল।</td>
<td>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্ত সকল প্রতিষ্ঠানের মসজিদে ১৫ আগষ্ট ২০২৩ তারিখ বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা আয়োজন করবে।</td>
<td>• মন্ত্রণালয়ের অধীন সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/প্রতিষ্ঠান</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১২ | সংশ্লিষ্ট খাত হতে প্রয়োজনীয় অর্থ ব্যয়। | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ ব্যয় সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ১৩ | এসবি পাশ সংগ্রহ। | (ক) জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য অধিদপ্তর<br>• পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>• সিভিল সার্জন, ঢাকা ও গোপালগঞ্জ। |
| ১৪. | কালো ব্যাচ ধারণ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগষ্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করবে। | • স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী |
| ১৫. | স্বাস্থ্যবিধি অনুসরণ। | স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জাহিদ মালেক, এমপি)
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নম্বর : ৫৯.০০.০০০০.১০৫.২৩.০০১.২২. ৫০৫

তারিখ : ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
৪. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা/ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, মহাখালী, ঢাকা/ প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৭. পরিচালক, আইইডিসিআর/বাংলাদেশ অত্যাবশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট, ঢাকা
৮. পরিচালক/অধ্যক্ষ (সকল)..........................................................................
৯. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা (সকল).......................................................................
১০. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিবার কল্যাণ বিভাগ
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩. সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)....................................................................
১৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)............................................................
১৫. সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা
১৬. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৭. সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, বাংলামটর, ঢাকা
১৮. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
২০. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

২৭/০৭/২০২০

মোহাম্মদ আবু বকর সিদ্দিক
উপসচিব
ফোন: ৯৫৪০৯২২
ইমেইল: admin2@mefwd.gov.bd